

জাবিতে ছাত্রলীগের দুই পক্ষে সংঘর্ষ, প্রক্টরসহ আহত ১০

প্রতিনিধি, জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয়

১৩ ফেব্রুয়ারি ২০১৯, ২০:১৮

আপডেট: ১৩ ফেব্রুয়ারি ২০১৯, ২০:৩৫



জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয়

জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয়ে (জাবি) ছাত্রলীগের দুই পক্ষের দফায় দফায় সংঘর্ষ হয়েছে। আজ বুধবার ক্যাম্পাসের বটতলা এলাকায় এ সংঘর্ষে ভারপ্রাপ্ত প্রক্টরসহ অন্তত ১০ জন আহত হয়েছেন।

প্রত্যক্ষদর্শীরা জানান, বিকেলে বিশ্ববিদ্যালয়ের ছাত্রলীগের সাবেক সাধারণ সম্পাদক রাজিব আহমেদ তাঁর স্ত্রীকে নিয়ে ক্যাম্পাসে ঘুরতে আসেন। কেন্দ্রীয় খেলার মাঠে বর্তমান সম্পাদক আবু সুফিয়ান চঞ্চলের সঙ্গে তাঁদের দেখা হয়। এ

সময় দুজনের মধ্যে বিশ্ববিদ্যালয়ের বর্তমান রাজনৈতিক পরিস্থিতি নিয়ে বাগবিতণ্ডা হয়। একপর্যায়ে রাজিবের অনুসারীরা হল থেকে বিভিন্ন ধরনের অস্ত্র নিয়ে বের হন। তাঁরা ধাওয়া দিলে আবু সুফিয়ান হলে চলে যান। এরপর আবু সুফিয়ানের অনুসারীরাও অস্ত্র নিয়ে হল থেকে বের হন। বিশ্ববিদ্যালয়ের বটতলা এলাকায় লাঠিসোঁটা, রামদা, ছুরি নিয়ে চলে পাল্টাপাল্টি ধাওয়া। অন্তত ছয়টি গুলি ছোড়েন দুই পক্ষের নেতা-কর্মীরা। সংঘর্ষ থামাতে গেলে বিশ্ববিদ্যালয়ের ভারপ্রাপ্ত প্রক্টর আ স ম ফিরোজ উল হাসান ইটের আঘাতে আহত হন। সংঘর্ষের সময় ইট-পাটকেলের আঘাতে দুই পক্ষের অন্তত ১০ জন নেতা-কর্মী আহত হয়েছেন। প্রক্টরসহ আহত সবাই বর্তমানে বিশ্ববিদ্যালয়ের চিকিৎসা কেন্দ্রে চিকিৎসাধীন।

রাজিব আহমেদ প্রথম আলোকে বলেন, ‘বাগবিতণ্ডার একপর্যায়ে চঞ্চল (আবু সুফিয়ান) ও তাঁর অনুসারীরা আমাকে ও আমার স্ত্রীকে লাঞ্ছিত করেন।’



বিশ্ববিদ্যালয়ের ভারপ্রাপ্ত প্রক্টর ফিরোজ উল হাসান প্রথম আলোকে বলেন, ‘দুই পক্ষের সংঘর্ষের ঘটনায় অন্তত ১০ জন আহত হয়েছে বলে ধারণা করছি। পরিস্থিতি বর্তমানে শান্ত, তবে যেকোনো সময় আবার সংঘর্ষ হতে পারে। তাই নিরাপত্তার স্বার্থে পুলিশ মোতায়েন করা হচ্ছে।’